ভোরের কাগজ

তারিখ ... JAN 17 2002

পৃষ্ঠা ২ ... কলাম ৩

# ভালো স্কুল কি আমাদের জন্য নয়?

সম্প্রতি ঢাকার বিভিন্ন স্কুলে ভর্তির প্রক্রিয়া চলছে। প্রতিবছরের মতো এবারও অল্পসংখ্যক ভালো স্কুলে ভিড় ছিল সবচেয়ে বেশি। কারণ, এ স্কুলগুলোর পড়াশোনার মান অন্যগুলোর তুলনায় অনেক ভালো। কিন্তু সাধারণ মধ্যবিত্ত ও নিম্নবিত্তদের পক্ষে এসব স্কুলে ছেলেমেয়েদের ভর্তি করানো ক্রমেই দুঃসাধ্য হয়ে পড়ছে। সব স্কুলেই সাধারণত প্রথম শ্রেণীতে সর্বাধিক সংখ্যক ছাত্রছাত্রী ভর্তি করা হয়। আর ভালো স্কুলের প্রথম শ্রেণীতে ভর্তির জন্য সম্প্রতি কোচিং ব্যবস্থা চালু হয়েছে। এসব কোচিঙের মাসিক ফি ১ হাজার থেকে ১ হাজার ৫০০ টাকা বা আরো বেশি। যাদের পক্ষে এই বিপুল পরিমাণ টাকা দিয়ে ছেলেমেয়েদের কোচিং করানো সম্ভব হয় না, তাদের ছেলেমেয়েরা যতোই পরিশ্রম করুক না কেন, কোচিং করা ছেলেমেয়েদের মতো ভালো করতে পারে না।

আর যাদের টাকা আছে, তাদের ছেলেমেয়েরা ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ না হলেও ডোনেশন প্রথায় ভালো স্কুলে ভর্তি হওয়ার সুযোগ থাকে। সম্প্রতি জানা গেছে, ভিকারুন্নিসা নূন হাইস্কুলে ১ লাখ টাকা ডোনেশনের বিনিময়ে ছাত্রী ভর্তি করানো হয়েছে। আইডিয়াল স্কুলেও চলছে একই অবস্থা। অবস্থাদৃষ্টে মনে হয়, শিক্ষা যেন বেচাকেনার পণ্যে পরিণত হয়েছে। যার টাকা আছে সে পাবে, যার টাকা নেই সে পাবে না। এ অবস্থার প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যেন নজর দেয় এবং ধনী-গরিব নির্বিশেষে সবাই যাতে ভালো মানের শিক্ষা পায় তার ব্যবস্থা করে।

মাহবুব হোসেন
দক্ষিণ মুগদাপাড়া।